ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৮৩
আগরতলা, ২৮ আগস্ট, ২০২৫

## পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে সম্প্রতি জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সভাপতিত্ব করেন উক্ত স্থায়ী কমিটির সভাপতি উত্তম দাস। সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় পূর্ত দপ্তরের আধিকারিক জানান, জিরানীয়া মহকুমায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ১.৮৫০ কিমি, খয়েরপুরে ১.৩০০ কিমি রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া জিরানীয়া এবং খয়েরপুরে মোট ২৬৫.৯৪ কিমি সিসি রোডের কাজ ও ১৭.৪৭ কিমি রাস্তায় ইট সলিংয়ের কাজ সম্পন্ন হয়েছে। মোহনপুর মহকুমার রাঙাছাড়া এনএইচ রোড থেকে গৌড় পাড়া পর্যন্ত ১.২৯ কিমি রাস্তার দুই পাশের দেওয়াল তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া বিজয়নগর এসবি স্কুল থেকে মোহনপুর সিমনা পর্যন্ত ১.৫০ কিমি রাস্তা সারাইয়ের কাজ চলছে। ডুকলি ব্লকের অন্তর্গত উত্তর আনন্দনগর বাজার থেকে বৈরাগীটিলা, বাইপাস ও উড়িয়া পাড়া ভায়া শ্যামাপ্রসাদ কলোনী পর্যন্ত ৪.৮২৫ কিমি রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া যোগেন্দ্রনগর-টাকারজলা রাস্তা থেকে অঙ্গুলিয়াছেড়া ভায়া পাল পাড়া, উত্তর আনন্দনগর বাজার থেকে আনন্দনগর ৬নং রাস্তা ভায়া ৪নং পাড়া, সন্ধি সংঘ থেকে প্রীতিলতা রোড ভায়া রামকৃষ্ণপুর, রবিপাড়া থেকে নাগিছড়া রাস্তা ভায়া অরবিন্দ কলোনী এবং আমতলী-খয়েরপুর বাইপাস রাস্তা থেকে ভায়া রামমনি স্কুল হয়ে রবীন্দ্রনগর পর্যন্ত মোট ৩.৫৫ কিমি রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন হয়েছে।

গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিক জানান, এমজিএন রেগা প্রকল্পে চলতি অর্থবছরে মোহনপুর ডিভিশনের অন্তর্গত লেফুঙ্গা ব্লকে ৭ টি জায়গায় সিসিরোড ও কালভার্ট নির্মাণের কাজ চলছে। বিদ্যুৎ দপ্তরের আধিকারিক জানান, প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলী যোজনায় এখন পর্যন্ত পশ্চিম জেলায় মোট ৩৫১৫ জন এই যোজনার আওতায় অন্তর্ভুক্ত হবার জন্য আবেদন করেছেন। এখন পর্যন্ত ৫৭০ টি পরিবার পরিবেশ বান্ধব সৌর বিদ্যুৎ ব্যবস্থার সুযোগ নিয়েছেন। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল বলেন, পূজার আগে পশ্চিম জেলার সমস্ত রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন করতে হবে। ব্রেইলি ব্রীজগুলি সারাই করার বিষয়েও তিনি গুরুত্ব আরোপ করেন।

*******